



যুক্তরাষ্ট্রজুড়ে ট্রাম্পবিরোধী 'নো কিংস' আন্দোলনে ব্যাপক বিক্ষোভ



যুক্তরাষ্ট্রজুড়ে ট্রাম্পবিরোধী 'নো কিংস' বিক্ষোভ। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রজুড়ে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নীতিমালা ও কর্মকাণ্ডের বিরুদ্ধে বড় পরিসরে বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। তৃতীয় দফার এই প্রতিবাদে দেশজুড়ে হাজার হাজার মানুষ রাস্তায় নেমে অংশ নেন।

রোববার (২৯ মার্চ) এএফপি'র প্রতিবেদনে জানানো হয়, বড় বড় শহর থেকে শুরু করে গ্রামীণ এলাকাসহ যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গরাজ্যে ছড়িয়ে থাকা প্রায় ৩ হাজার ৩০০টিরও বেশি কর্মসূচিতে বিপুল সংখ্যক মানুষ অংশগ্রহণ করেন। আয়োজকদের হিসাব অনুযায়ী, অংশগ্রহণকারীর সংখ্যা প্রায় ৮০ লাখের কাছাকাছি।

'নো কিংস' নামের এই আন্দোলনের ডাকেই এক বছরেরও কম সময়ের মধ্যে এটি তৃতীয়বারের মতো দেশজুড়ে এমন গণবিক্ষোভের ঘটনা ঘটল।

LENS ASIA